দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT. 1 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

46

# ঢাবি'র সমাবর্তন কাল ॥ অমর্ত্য সেন ও শেখ হাসিনাকে ডক্টরেট দেয়া হবে

**স্টাফ রিপোর্টার** ॥ আগামীকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন। এবারের সমাবর্তনের ব্যয় নির্ধারণ করা হয়েছে ৯৮ লাখ টাকা। এতে সাড়ে আট হাজার ডিগ্রীধারী অংশগ্রহণ করবে বলে কর্তৃপক্ষ ধারণা করছে। সবাইকে নির্ধারিত পোশাকে সমাবর্তনে আসতে হবে। কর্তৃপক্ষ সে অনুযায়ী তাঁদের আয়োজন চালিয়ে যাচ্ছে। গোটা আয়োজন সফল করার জন্য মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল প্রভোস্ট বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের যৌথ সভা অনুষ্ঠিত হয়। সমাবর্তন উপলক্ষে নোবেল বিজয়ী অমর্ত্য সেন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান করা হবে। প্রখ্যাত অর্থনীতিবিদ অমর্ত্য সেনের সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যোগাযোগ চূড়ান্ত হয়েছে।